দৈনিক ইত্তেফাক

তারিখ 14 DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 2

53

## 'ঘটনায় জগন্নাথ হলের ছাত্ররা জড়িত নয়'

ইত্তেফাক রিপোর্ট ॥ জগন্নাথ হল ছাত্র সংসদ গতকাল (রবিবার) এক সাংবাদিক সম্মেলনে বলিয়াছে মাওলানা আজিজুল হক ও মাওলানা আবুল কালাম আজাদের

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## জগন্নাথ হলের ছাত্ররা

( ১ম পৃ: পর )

উপর হামলার ঘটনায় জগন্নাথ হলের কোন ছাত্র জড়িত নয়। একটি বিশেষ মহল উদ্দেশ্যপ্রণোদিত ভাবে এই ঘটনা ঘটাইয়া জগন্নাথ হলের ছাত্রদের দায়ী করিয়াছে। সাংবাদিক সম্মেলনে অবিলম্বে এই ঘটনায় জড়িতদের গ্রেফতার ও বিচার দাবী করা হয়। হল ছাত্র সংসদের ভিপি সুভাষ সিংহ রায় পঠিত সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে বলা হয়, মাওলানা আজিজুল হক ও আবুল কালাম আজাদের উপর হামলার ঘটনা দু:খজনক। পরিস্থিতিকে ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য পরিকল্পিতভাবে এই হামলা চালানো হইয়াছে। ছাত্রনেতা পংকজ নাথ, বিমল মল্লিক, সুজিত রায় নন্দী, বিপ্লব দে, অসিত মজুমদার প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।